# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৮. রাতের কিছু সময় ইলম চর্চা সারা রাত ইবাদতের চেয়ে উত্তম

একজন লেখক বলেন: ‘‘বোখারী শরীফের আরও একটি হাদীসে আছে:

تَدَارُسُ الْعِلْمِ سَاعَةً مِنَ اللَّيْلِ خَيْرٌ مِنْ إِحْيَائِهَا

অর্থাৎ: হযরত (দ:) বলিয়াছেন, রাত্রির এক ঘন্টা পরিমাণ (দ্বীনী) ইলেম শিক্ষা করা সমস্ত রাত্রি জাগরিত থাকিয়া ইবাদত করার চেয়েও ভাল।’’[1]

এ কথাটি সহীহ বুখারী তো দূরের কথা অন্য কোনো হাদীস গ্রন্থেই রাসূলুল্লাহর ﷺ বাণী হিসাবে সংকলিত হয় নি। সুনান দারিমীতে অত্যন্ত দুর্বল সনদে ইবনু আববাসের (রা) বাণী হিসাবে কথাটি সংকলিত। রাসূলুল্লাহ ﷺ-এর নামে এ অর্থে যা কিছু বলা হয়েছে সবই জাল ও বানোয়াট।[2]

## ফুটনোট

[1] মো. গোলাম রহমান, মকছুদোল মো’মেনীন, পৃ. ২৫।

[2] দারিমী, আব্দুল্লাহ ইবনু আব্দুর রাহমান (২৫৫ হি), আস-সুনান ১/৯৪, ১৫৭; সিদ্দীক হাসান কান্নূজী (১৩০৭ হি), আবজাদুল উলূম ১/৯৭; ইবনু আর্রাক, তানযীহ ১/২৭৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4889

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন